দৈনিক বাংলা

28

তারিখ 30 SEP 198
পৃষ্ঠা ... কলাম 5

# ভার্সিটিতে আর শ্লোগান নয়

(স্টাফ রিপোর্টার)

এখন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা চলাকালে পরীক্ষা-হলের আশপাশে এবং কলাভবনের করিডোরে ছাত্র সংগঠনের মিছিল থেকে কোন শ্লোগান দেয়া হবে না। গতকাল বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের এক সভার পরিষদভুক্ত ছাত্র সংগঠনগুলো এ বিষয়ে ঐকমত্য প্রকাশ করে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর আব-

(৫-এর পঃ দ্রঃ)

## শ্লোগান নয়

(১-এর পঃ পর)

দুল মান্নানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে এ সভা অনুষ্ঠিত হয়। প্রফেসর মান্নান রোববারের মৌন মিছিলে 'কতিপয় তরুণের বিশৃংখলা সৃষ্টির অপচেষ্টা' সম্পর্কে উল্লেখ করে বলেন যারা সেদিন ভাব-গম্ভীর পরিবেশ কলুষিত করার চেষ্টা করেছিল তাদের চিহ্নিত করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে কর্তৃপক্ষ দৃঢ়প্রতিজ্ঞ। সভায় এ সম্পর্কে একটি নিন্দা প্রস্তাব গৃহীত হয়। এছাড়া সভায় একটি তদন্ত কমিটি গঠন করে উক্ত দিবসে 'বিশৃংখলা সৃষ্টিকারীদের' উপযুক্ত শাস্তি দেয়ারও সুপারিশ করা হয়।